



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/15/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল জিনেসি কাউন্টির প্রয়াত সার্জেন্টের সম্মানে পতাকা অর্ধনমিত রাখার নির্দেশ দিলেন

16 মার্চ পতাকাসমূহকে একযোগে অর্ধনমিত রাখা হবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে জিনেসি কাউন্টির প্রয়াত সার্জেন্ট টমাস এ স্যানফ্র্যাটেলোর সম্মানে 16 মার্চ সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত সকল স্টেট ভবনের পতাকাসমূহকে অর্ধনমিত রাখা হবে। সার্জেন্ট স্যানফ্র্যাটেলো এছাড়াও অ্যালেক্সান্ডার টাউনের একজন বোর্ড সদস্য হিসেবে দায়িত্ব পালন করতেন। সাউদার্ন সীমানা ফেডারেল নিয়োগের সময় প্রাণ হারানো নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের (New York National Guard) সদস্য ক্যাসি ফ্র্যানকস্কি এবং জন গ্রাসিয়ার সম্মানে ইতিমধ্যে অর্ধনমিত রাখার আদেশের সাথে একযোগে এই সম্মানসূচক কাজটি করা হবে।

"টাউনের বোর্ড থেকে শেরিফের অফিস পর্যন্ত, সার্জেন্ট টমাস এ স্যানফ্র্যাটেলো তার প্রতিবেশীদের জীবন উন্নত করতে এবং তার সম্প্রদায়কে সুরক্ষিত রাখতে নিজের প্রাণ উৎসর্গ করেছেন," **গভর্নর হোকল বলেন।** "সার্জেন্ট স্যানফ্র্যাটেলোর পরিবার ও প্রিয়জনদের জন্য আমার গভীর সমবেদনা। আশা করছি যে সারাজীবন দায়িত্ব পালনে তিনি যেই সাহসিকতা প্রদর্শন করেছেন তা তার প্রিয়জনদের সান্ত্বনা প্রদান করবে।"

10 মার্চ, 2024 তারিখে, সার্জেন্ট স্যানফ্র্যাটেলো নিউ ইয়র্কের ব্যাটাভিয়াতে দায়িত্ব পালনরত অবস্থায় মৃত্যুবরণ করেন। ব্যাটাভিয়ায় জন্মগ্রহণকারী সার্জেন্ট স্যানফ্র্যাটেলো দুই দশকের বেশি সময় ধরে আইন শৃঙ্খলা রক্ষায় দায়িত্ব পালন করেছেন। তিনি তার মা ডরোথি; তার সন্তান ইয়ান, কাইলা এবং অ্যালেক্সিস; এবং অগণিত বন্ধু পরিবার রেখে গেছেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)